রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, এপ্রিল ২১, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৮ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/২১ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১০০-আইন/আয়কর/২০১৯।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার কমলাপুর, ঢাকা, চট্টগ্রাম, মংলা এবং বেনাপোল কাস্টমস হাউজে Nuctech Company Limited, Block-A, Tongfang Building, Shuangqingu, Haidian District, Beijing, PRC (Nuctech Company Limited) কর্তৃক স্থাপিত ৪ (চার) টি মোবাইল স্ক্যানার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদানের জন্য স্থানীয় প্রতিনিধি Five-R Associates, Dhaka, Bangladesh (Five-R Associates) বরাবর প্রেরিত রেমিটেড ফান্ড ৮২,৬৩৪ (বিরাশি হাজার ছয়শত চৌত্রিশ) ইউএস ডলার যাহা বাংলাদেশী মুদ্রায় ৬৬,১০,৭২০ (ছেষট্টি লক্ষ দশ হাজার সাতশত বিশ) টাকা, অতঃপর রেমিটেড ফান্ড বলিয়া উল্লিখিত, এর উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় উৎসে অগ্রিম আয়কর হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা :—

শর্ত

Nuctech Company Limited কর্তৃক Five-R Associates বরাবর প্রেরিত রেমিটেড ফান্ড ১২ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৬ (ছয়) মাসের জন্য উক্ত কাস্টমস হাউজসমূহে স্থাপিত মোবাইল স্ক্যানারসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান বিল ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করা যাইবে না।

২। এই প্রজ্ঞাপন ১২ এপ্রিল, ২০১৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০